



মেঘনায় ঘন কুয়াশার মধ্যে দুই লঞ্চের মুখোমুখি সংঘর্ষে নিহত ৮



সংগৃহীত ছবি

চাঁদপুরের মেঘনা নদীতে গভীর রাতে ঘন কুয়াশার কারণে দুটি যাত্রীবাহী লঞ্চের সংঘর্ষে অন্তত আটজন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও কয়েকজন যাত্রী আহত হয়েছেন বলে জানিয়েছে নৌ-পুলিশ।

বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) গভীর রাতে ঘন কুয়াশার মধ্যে এমভি জাকির সম্রাট-৩ ও অ্যাডভেঞ্চার-৯ নামের দুটি যাত্রীবাহী লঞ্চের সংঘর্ষে এই দুর্ঘটনা ঘটে।

নৌ-পুলিশ চাঁদপুর অঞ্চলের পুলিশ সুপার (এসপি) সৈয়দ মুশফিকুর রহমান শুক্রবার (২৬ ডিসেম্বর) বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, দুর্ঘটনার পরপরই উদ্ধার কার্যক্রম শুরু করা হয় এবং নিহতদের সংখ্যা আট বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া গেছে।

প্রত্যক্ষদর্শী ও যাত্রীদের তথ্যমতে, বৃহস্পতিবার বিকেলে ভোলার ঘোষেরহাট ঘাট থেকে যাত্রী নিয়ে ঢাকার উদ্দেশ্যে যাত্রা শুরু করে এমভি জাকির সম্রাট-৩। চাঁদপুর অংশে মেঘনা নদীতে পৌঁছালে হঠাৎ ঘন কুয়াশা নেমে আসে, ফলে লঞ্চটি ধীরগতিতে চলতে বাধ্য হয়। ওই সময় বিপরীত দিক থেকে আসা বরিশালগামী যাত্রীবাহী লঞ্চ অ্যাডভেঞ্চার-৯ এর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়।

সংঘর্ষের ফলে এমভি জাকির সম্রাট-৩ লঞ্চের এক পাশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এতে দুই লঞ্চের যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। দুর্ঘটনায় আহত হন আরও কয়েকজন, যাদের মধ্যে কয়েকজনকে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে।

ঘটনার কারণ অনুসন্धानে তদন্ত চলছে বলে জানিয়েছে নৌ-পুলিশ।